গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাগরপুর, টাঙ্গাইল
unonagarpur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৯৩৭৬.০০০.০৪.০৮৪.১৯ - ০৭

তারিখ: ২১ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি,২০২৬ খ্রিস্টাব্দ

## জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

(বিজ্ঞপ্তি নং- ০১/১৪৩২ বঙ্গাব্দ)

এতদ্বারা প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি সংগঠন/সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে,নাগরপুর উপজেলাধীন ইজারাযোগ্য ২০ (বিশ) একরের নিম্নের আয়তন বিশিষ্ট নিম্নবর্ণিত বদ্ধ জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ মোতাবেক আগামী ০৩(তিন) বছর (১৪৩৩-১৪৩৫) বঙ্গাব্দ মেয়াদে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির নিকট থেকে (যেখানে যা প্রযোজ্য) শর্তসাপেক্ষে আগামী ০১ মাঘ ১৪৩২ থেকে ১৫ মাঘ ১৪৩২ (১৫ জানুয়ারি, ২০২৬ হতে ২৯ জানুয়ারি২০২৬) তারিখের মধ্যে অনলাইনে http://jm.lams.gov.bd ওয়েব সাইটে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। সরাসরি কোন দরপত্র ক্রয় করা যাবে না।

নিম্নলিখিত তারিখ ও সময়ে অনলাইনে আবেদন পত্র গ্রহণ/কার্যক্রম গ্রহণ করা হবে।

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১. | ১ মাঘ থেকে ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ/১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারি ২০২৬ এর মধ্যে | ইজারার জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে (jm.lams.gov.bd) ইজারার আবেদন দাখিল। |
| ২. | ২০ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ/ ৩ ফেব্রুয়ারি ২০২৬ এর মধ্যে | অনলাইনে (jm.lams.gov.bd) দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি (সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি,২০০৯ এর পরিশিষ্ট 'ক' এর আবেদন ফরমটি পূরণপূর্বক ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) ১-৪৬৩১-০০০০-১২৬১ নম্বর কোডে জমাপূর্বক চালানের মূলকপি সংযুক্ত করতে হবে।) সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নিবহী অফিসারের কার্যালয়, নাগরপুর, টাঙ্গাইলে দাখিল। |
| ৩. | ২৮ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ/ ১১ ফেব্রুয়ারি এর মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ৪. | ৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/ ১৮ ফেব্রুয়ারি এর মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ৫. | ২৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/ ১১ মার্চ এর মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ৬. | ২৭ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/ ১২ মার্চ এর মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ৭. | ১৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ/ ২৯ মার্চ এর মধ্যে | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ৮. | ১ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ/ ১৪ এপ্রিল এর মধ্যে | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়া দেয়া। |

### ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দে ইজারাযোগ্য ২০ একর পর্যন্ত সরকারি জলমহালের তালিকা

| ক্র: নং | ইউনিয়ন ভূমি অফিসের নাম | ইজারাযোগ্য জলমহালের নাম | জলমহালের আয়তন (একরে) | বিগত তিন বছরের গড় ইজারামূল্য | ৫% বৃদ্ধিতে বার্ষিক সরকারী ইজারামূল্য | ইজারার মেয়াদকাল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১. | সহবতপুর | মাইলজানী রাখ | ৫.৮৫ | ১৬,৫৯৩/- | ১৭,৪২৩/- | ১৪৩৩-১৪৩৫ | -- |
| ০২ | পাকুটিয়া | গুহলী ট্যাংক | ০.৬৬ | ৪৩,১৮৩/- | ৪৫,৩৪৩/- | ১৪৩৩-১৪৩৫ | -- |
| ০৩ | পাকুটিয়া | পাঁছ তাড়াইল | ১.১৯ | ৩৪,২৫১/- | ৩৫,৯৬৪/- | ১৪৩৩-১৪৩৫ | -- |
| ০৪ | নাগরপুর সদর | আলোকদিয়া পুকুর | ১.০৭ | ১০,০০০/- | ১০,৫০০/- | ১৪৩৩-১৪৩৫ | -- |

### শর্তসমূহ:

১। বাংলা ১৪৩৩ সনের ১লা বৈশাখ (১৪ এপ্রিল ২০২৬) হতে বাংলা ১৪৩৫ সনের ৩০ শে চৈত্র (১৩ এপ্রিল ২০২৯) পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে খাস জলাশয়সমূহ ইজারা প্রদান করা হবে।

২। নিবন্ধিত প্রার্থীগণ কর্তৃক আগামি ১৫/০১/২০২৬ হতে ২৯/০১/২০২৬ তারিখের মধ্যে অনলাইনে (jm.lams.gov.bd ওয়েবসাইটে) আবেদন সম্পন্ন করতে হবে। দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে (খামের উপর আবেদনকারীর নাম, ঠিকানা ও জলমহালের নাম উল্লেখ করে) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নাগরপুর বরাবর দাখিল করতে হবে।

৩। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর পরিশিষ্ট 'ক' এর আবেদন ফরমটি পূরণপূর্বক ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) ১-৪৬৩১-০০০০-১২৬১ নম্বর কোডে জমাপূর্বক চালানের মূলকপি সংযুক্ত করতে হবে।

৪। দাখিলকৃত আবেদন প্রার্থিত জলমহালের বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্য অপেক্ষা ৫% বর্ধিত না হলে আবেদনপত্র গ্রহনযোগ্য হবে না।

৫। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি/সমবায় সমিতি যা সমবায় অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত, সে সমিতি বা সমবায় সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে, কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

CS CamScanner

৬। প্রকৃত মৎস্যজীবীদের সমিতি/সংগঠন স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত হলে স্থানীয় জলমহাল ব্যবস্থাপনা বা ইজারায় অংশগ্রহণ করতে পারবেন। তবে কোন সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন, তবে সে সমিতি কোন সরকারি জলমহাল বন্দোবস্ত পাওয়ার যোগ্য হবে না। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সমিতি সরকারি জলমহাল ব্যবস্থাপনায় আবেদন করতে পারবেন না।

৭। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি/সমবায় সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন, তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমানস্বরূপ জেলা/উপজেলা মৎস্য/সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে এবং সাথে বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠনের /সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন নয়।

৮। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা/ জেলা মৎস্যজীবী সংগঠন/ সমিতি জলমহাল পাওয়ার জন্য আবেদন করতে পারবেন।

৯। ইজারা গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতি তাদের নামে ইজারাকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-ইজারা অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে তাহলে নিম্নস্বাক্ষরকারী উক্ত জলমহালের ইজারা বাতিল করতে পারবেন এবং জমাকৃত ইজারার অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করতে পারবেন।

১০। মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দুটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

১১। আবেদনে উল্লেখিত ইজারামূল্যের ২০% ব্যাংক ড্রাফট জামানত হিসাবে অনলাইনে আবেদনের প্রিন্টেড কপির সাথে দাখিল করতে হবে। ইজারাপ্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১২। যার দরপত্র গৃহীত হবে, তার ইজারা মূল্যের উপর সরকারের নির্ধারিত ১৫% ভ্যাট ও ১০% আয়কর ইজারার অর্থের সাথে প্রদান করতে হবে।

১৩। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবে।

১৪। জলমহাল ও জলমহালের ইজারা সংক্রান্ত অন্যান্য শর্তাদিসহ যে কোন বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় হতে জানা যাবে।

১৫। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং ইজারা বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৫/০১/২৬

(মোঃ এরফান উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
নাগরপুর, টাঙ্গাইল।

স্মারক নম্বর- ৩১.৩০.৯৩৭৬.০০০.০৬.০০১.১৯ - ০৭

তারিখঃ ২১ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**অনুলিপি:সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ঢাকা।
৩। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), টাঙ্গাইল।
৫। উপজেলা ..............................কর্মকর্তা, নাগরপুর, টাঙ্গাইল।
৬। চেয়ারম্যান ..........................ইউনিয়ন পরিষদ(সকল), নাগরপুর, টাঙ্গাইল।
৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল)..............................ইউনিয়ন ভূমি অফিস, নাগরপুর, টাঙ্গাইল। তাকে বিজ্ঞপ্তিটি ঢোল সহরতের মাধ্যমে/ মাইকিং করে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৮। সভাপতি/সম্পাদক, ........................................, নাগরপুর, টাঙ্গাইল। বিজ্ঞপ্তিটি পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৯। জনাব ..........................................................................................................।
১০। অফিস কপি।
১১। নোটিশ বোর্ড।

০৫/০১/২৬

(দীপ ভৌমিক)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য- সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
নাগরপুর, টাঙ্গাইল।

CamScanner